গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mora.gov.bd

অতি জরুরি
ই-মেইল/বিশেষ বাহক মারফত

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.১৭৩

তারিখ : ২৩ বৈশাখ, ১৪২৭
০৬ মে, ২০২০

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়: স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মসজিদসমূহে সর্বসাধারণের জামায়াতে নামায আদায় প্রসঙ্গে।**

করোনা ভাইরাস প্রার্দুভাবজনিত কারণে সারা দেশে বন্ধ ঘোষণা ও জনসমাগম নিষেধাজ্ঞা জারি করা হয়। তৎপ্রেক্ষিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৬.০৪.২০২০ খ্রি. তারিখ এবং ২৩.০৪.২০২০ খ্রি. তারিখের বিজ্ঞপ্তির মাধ্যমে মসজিদসমূহে পাঁচ ওয়াক্ত নামাজ, জুম'আ এবং পবিত্র রমজান মাসে তারাবীহ'র জামায়াত সীমিত আকারের আদায়ের জন্য নির্দেশনা প্রদান করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। দেশের শীর্ষ স্থানীয় আলেম ওলেমাগণও পবিত্র রমজানুল মোবারক মাসের গুরুত্ব বিবেচনা করে মসজিদে নামাজ আদায়ের শর্ত শিথিল করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী বরাবর জোর দাবি জানিয়েছেন। সম্প্রতি সরকার সার্বিক বিবেচনায় কিছু কিছু ক্ষেত্রে বন্ধ ঘোষণার নিষেধাজ্ঞা শিথিল করেছে। তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ, জনস্বাস্থ্য বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশাবলি অনুসরণপূর্বক বিশেষ সতর্কতামূলক বিষয়াদি মেনে চলার শর্তে ০৭ মে, ২০২০ তারিখ জোহরের ওয়াক্ত থেকে সুস্থ মুসল্লীদের মসজিদে জামায়াতে নামাজ আদায়ের সুযোগ প্রদানের পরামর্শ প্রদান করেছে।

২। বর্ণিত অবস্থায় দেশের শীর্ষ স্থানীয় আলেম ওলেমার সঙ্গে পরামর্শ করে ০৭ মে, ২০২০ তারিখ জোহরের ওয়াক্ত থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মসজিদসমূহ সুস্থ মুসল্লীদের উপস্থিতিতে জামায়াতে নামাযের জন্য অনুমতি প্রদান করা হলো:

১. মসজিদে কার্পেট বিছানো যাবে না। পাঁচ ওয়াক্ত নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুনাশক দ্বারা পরিস্কার করতে হবে, মুসল্লীগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসবেন;
২. মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে এবং আগত মুসল্লীকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে;
৩. প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওযু করে, সুন্নাত নামাজ ঘরে আদায় করে মসজিদে আসতে হবে এবং ওজু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে;
৪. কাতারে নামাজে দাড়ানোর ক্ষেত্রে সামাজিক দুরত্ব অর্থাৎ তিন ফুট পর পর দাঁড়াতে হবে;
৫. এক কাতার অন্তর অন্তর কাতার করতে হবে;
৬. শিশু, বয়বৃদ্ধ, যে কোন অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি জামায়াতে অংশগ্রহণ করতে পারবেন না;
৭. সংক্রমণ রোধ নিশ্চিতকল্পে মসজিদের ওযুখানায় সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না;
৮. সর্বসাধারণের সুরক্ষা নিশ্চিত কল্পে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
৯. মসজিদে ইফতার ও সেহরির আয়োজন করা যাবে না।
১০. উল্লিখিত শর্ত পালন সাপেক্ষে প্রত্যেক মসজিদে সর্বোচ্চ পাঁচজন নিরাপদ দুরত্ব বজায় রেখে ইতেকাফ এর জন্য অবস্থান করতে পারবেন;
১১. করোনা ভাইরাস মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য নামাজ শেষে মহান রাব্বুল আলামিনের দরবারে দোয়া করার জন্য খতিব ও ইমামগণকে অনুরোধ করা যাচ্ছে; এবং
১২. খতিব, ইমাম এবং মসজিদ পরিচালনা কমিটি বিষয়গুলো বাস্তাবায়ন নিশ্চিত করবে।

৩। উল্লিখিত নির্দেশনা লংঘিত হলে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী সংশ্লিষ্ট দায়িত্বশীলদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবে। প্রাণঘাতি করোনা ভাইরাস সংক্রমন রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটিকে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

০৬.০৫.২০২০

মোঃ সাখাওয়াৎ হোসেন
উপসচিব
ফোন-৯৫৪৫৭৩৮
e-mail: moragovbd@gmail.com

D:\fatema\old\Letter 2020.docx

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৬. বিভাগীয় কমিশনার (সকল)
৭. মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)
৮. উপ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ (সকল রেঞ্জ)
৯. জেলা প্রশাসক (সকল)
১০. পুলিশ সুপার (সকল)

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.১৭৩ তারিখ: ০৬/০৫/২০২০ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

২৭. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২৯. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সিনিয়র সচিব, ...................................................... মন্ত্রণালয়/বিভাগ।
৩১. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৩২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৩. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ।
৩৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা।
৩৫. মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
৩৬. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি সকল ইলেক্ট্রনিক ও প্রেস মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
৩৭. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
৩৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩৯. প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/গাজীপুর/নারায়নগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন।
৪১. পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
৪২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪৭. পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
৪৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
৪৯. অফিসার ইনচার্জ, সকল থানা। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
৫০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫১. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়েরর ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫২. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

06.05.2020
মোঃ সাখাওয়াৎ হোসেন
উপসচিব